

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৭৯০

৫৩. সালাম সম্পর্কিত অধ্যায় (كتاب السلام) পরিচ্ছেদঃ ৩. সালাম সম্বন্ধীয় বিভিন্ন হাদীস

باب جَامِعِ السَّلَامِ

আরবী

حَدَّثَنِي عَنْ مَالِك عَنْ إِسْحَقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَبِي مُرَّةَ مَوْلَى عَقِيلِ بْنِ أَبِي طَالِب عَنْ أَبِي وَاقِدِ اللَّيْثِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَيْنَمَا هُوَ جَالِسٌ فِي الْمَسْجِدِ وَالنَّاسُ مَعَهُ إِذْ أَقْبَلَ نَفَرٌ ثَلَاثَةٌ فَأَقْبَلَ اثْنَانِ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَلَا أُخْبِرُكُمْ عَنْ النَّفَرِ الثَّلَاتَةِ أَمَّا الْآخَرُ فَاسْتَحْيَا اللَّهُ مِنْهُ وَأَمَّا الْآخَرُ لَقَا اللَّهُ مِنْهُ وَأَمَّا الْآخُرُ فَاسْتَحْيَا اللَّهُ مِنْهُ وَأَمَّا الْآخَرُ فَاسْتَحْيَا اللَّهُ مِنْهُ وَأَمَّا الْآخَرُ فَاعْرَضَ وَأَعْرَضَ اللَّهُ عَنْهُ وَأَمَّا الْآخَرُ فَاسْتَحْيَا فَاسْتَحْيَا اللَّهُ مِنْهُ وَأَمَّا الْآخَرُ فَاسْتَحْيَا اللَّهُ مِنْهُ وَأَمَّا الْآخَرُ فَاسْتَحْيَا اللَّهُ مِنْهُ وَأَمَّا الْآخُرُ فَاسْتَحْيَا اللَّهُ مِنْهُ وَأَمَّا الْآخَرُ

বাংলা

রেওয়ায়ত ৪. আবু ওয়াকিদ লাইসী (রাঃ) হইতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম মসজিদে ছিলেন, আরও বহু লোক তাহার সঙ্গে ছিলেন। ইত্যবসরে তিন ব্যক্তিবিশিষ্ট একটি দল সেখানে আগমন করিল। ইহাদের মধ্যে দুইজন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর দিকে অগ্রসর হইল এবং একজন চলিয়া গেল (প্রত্যাবর্তন করিল)। অতঃপর ঐ দুইজন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলায়হি ওয়া সাল্লামের নিকট গিয়া সালাম করিল। তাহাদের একজন (সাহাবীগণের) হালকায় স্থান পাইয়া সেখানে বসিল এবং অপরজন তাহদের পিছনে বসিল। তৃতীয়জন তো আগেই চলিয়া গিয়াছিল। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা'লীম হইতে ফারিগ হইলেন এবং বলিলেন আমি তোমাদেরকে এই (আগন্তুক) তিনজনের অবস্থা বলিব কি? (অর্থাৎ নিশ্চয়েই বলিব)। উহাদের একজন আল্লাহর কাছে আগমন করিয়াছে। আল্লাহও তাহাকে স্থান দান করিয়াছেন আর একজন লজ্জা করিয়াছে (এবং মানুষকে কষ্ট দিয়া ভিতরে প্রবেশ করে নাই, বরং পিছনে রহিয়াছে) আল্লাহ তা'আলাও লজ্জা করিয়াছেন (এবং তাহার প্রতি রহমত নাযিল করিয়াছেন)। আর একজন ফিরিয়া গিয়াছে; অতঃপর আল্লাহ তা'আলাও তাহার দিক হইতে ফিরিয়া গিয়াছেন।



English

Yahya related to me from Malik from Ishaq ibn Abdullah ibn Abi Talha from Abu Murra, the mawla of Aqil ibn Abi Talib from Abu Waqid al-Laythi that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, was sitting in the mosque with some people when three people came in. Two came toward the Messenger of Allah, may Allah bless him and grant him peace, and one went away. When the two stopped at the assembly of the Messenger of Allah, may Allah bless him and grant him peace, they gave the greeting. One of them saw a gap in the circle and sat in it. The other sat down behind the circle. The third turned away and left. When the Messenger of Allah, may Allah bless him and grant him peace, finished, he said, "Shall I tell you about three people? One of them sought shelter with Allah, so Allah gave him shelter. The other was shy, so Allah was shy to him. The other turned away, so Allah turned away from him."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন